

৯৯ নং

তাল—গড়খেমটা

করি কি উপায় ।

মরি প্রাণ যায় ॥

- ১। পাপ কর্মানলে, হৃদয় সদা জ্বলে,
জলে স্থলে কোথা নিবারণ না হয় ॥
- ২। পাপানলে সদা দহিছে হৃদয়,
গুরুচাঁদ আমার রহিলে কোথায় ।
দেখে যাও প্রভু আমি নিরুপায়,
হেন কালে তুমি রহিলে কোথায় ॥
- ৩। অহঙ্কারে মোর পুরিত হৃদয়,
অর্থমোহে পড়ি ভুলেছি তোমায় ।
(দ্বিজ সতীশ বলে গুরু পার কর আমায় ।
তোমা বিনা আজি প্রাণ বুঝি যায় ॥)
শ্রীসতীশচন্দ্র রায়, সাহিত্য শাস্ত্রী, পুরাণরত্ন ।



১০০ নং

তাল—একতালা

মন ! মিছে পরের দোষ দেওয়া নয় ভাল ।

ভবে দূষি নয় ত কেহ ॥

- ১। এ ভবে যারই কন্ম সেই করে গো—
সকল সেই স্বকর্মেই ফল ।
- ২। কৰ্মগুণে পাগল হীরা, হেঁটে পার হয় অগাধ বারি গো ।
(শেষে) বিধির বিধি রদ্ করিয়া, মৃত জীবের জীবন দিল ॥